

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৭/১১/২০২৪ খ্রি.

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি**

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে (রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে) রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রার্থীকে আগামী ১১/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে Online -এ আবেদন করতে হবে। আবেদনের সময় ওয়েবসাইট: [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) এর Masters Tab -এ গিয়ে Apply Now (Masters Perli. Private) অপশনে ক্লিক করে চাহিত সকল তথ্য এন্ট্রি দিতে হবে। এছাড়া পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করত হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**১। আবেদন ফরম ও ফি জমাদান:**

(ক) প্রিন্টকৃত আবেদন ফরম ও কাগজপত্র রাষ্ট্রবিজ্ঞান বিভাগে জমাদান: ০৪/১২/২০২৪ হতে ১১/১২/২০২৪ খ্রি.

(খ) আবেদন ফিসহ সর্বমোট ১,৪৫০/- (এক হাজার চার শত পঞ্চাশ) টাকা সরাসরি রাষ্ট্রবিজ্ঞান বিভাগে জমা দিতে হবে।

**২। আবেদনের যোগ্যতা:**

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম নম্বর ৪৫% অথবা গ্রেডিং/ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় পঠিত রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) সনাতন পদ্ধতিতে ন্যূনতম নম্বর ৪০% অথবা ন্যূনতম সিজিপিএ ২.০ পেতে হবে।

(গ) প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল করে কারাবন্দীরাও আবেদন করতে পারবে।

(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

**৩। কাগজপত্রাদি জমা দিতে হবে:**


(ক) এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস) পরীক্ষা পাশের মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(খ) স্নাতক (পাস) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে- মূল নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে- সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(ঙ) “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে।

  
(প্রফেসর জাহেদা সুলতানা)  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৭/১১/২০২৪ খ্রি.


স্মারক নং- রাসক/৩৭২২/৪

**অনুলিপি: অবগতি ও কার্যার্থে-**

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
২৭/১১/২৪